

- ০১ | সেবা সপ্তাহ উপলক্ষ্যে আগামী ০৭-১২ ডিসেম্বর ২০১৯খ্রি. তারিখ পর্যন্ত সুনামগঞ্জ সদর উপজেলার সকল ইউনিয়নের সেবা কেন্দ্রসমূহে সেবা সপ্তাহ পালন করতে হবে।
- ০২ | সেবা সপ্তাহ উপলক্ষ্যে প্রতিপাদ্যের উপর আইইএম ইউনিট হতে প্রস্তুতকৃত প্রাপ্ত বিশেষ ব্যানার সকল সেবা কেন্দ্রে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ০৩ | আইইএম ইউনিট হতে প্রস্তুতকৃত ও সরবরাহকৃত পোস্টার, লিফলেট বিভিন্ন সেবা কেন্দ্রে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৪ | পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহে স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মী, NGO কর্মী গণকে ক্লায়েন্ট রেফারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং উপজেলা অফিস কর্তৃক প্রণয়নকৃত কর্ম পরিকল্পনা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
- ০৫ | পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন সময়ে প্রতিদিন প্রত্যেক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, এমসিএইচ ইউনিট এবং সুনামগঞ্জ সদর উপজেলা ক্লিনিকে আই ইউ ডি/ ইমপ্লান্ট ক্যাম্প সম্পাদিত হবে। তাছাড়া লক্ষণশ্রী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং মোহনপুর কমিউনিটি ক্লিনিকে ০৮/১২/২০১৯ তারিখে, গৌরারং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১০/১২/২০১৯ তারিখে এবং জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১১/১২/২০১৯ তারিখে ইমপ্লানন, NSV সেবা প্রদানের বিশেষ ক্যাম্প অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পে প্রত্যেক ইউনিয়নের FPI,FWA সহ সেবা সংশ্লিষ্ট সকলকে ক্লায়েন্ট রেফারের এবং ক্যাম্প সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৬ | এবারের পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের থিম “ পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি, কৈশোরকালীন মাতৃত্ব রোধ করি”। এ বিষয়ে মাঠকর্মীগণ জনসচেতনতা মূলক কর্মসূচী গ্রহণ করবেন।
- ০৭ | ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে সুনামগঞ্জ সদর উপজেলাধীন সকল সেবা কেন্দ্রে যেখানে স্বাভাবিক প্রসবসেবা চলমান রয়েছে, সেখানে পরিবার পরিকল্পনা কর্মীগণ স্বাভাবিক প্রসব সেবায় অংশ গ্রহণ করবেন এবং শতভাগ প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি (PPFP) নিশ্চিত করবেন।
- ০৮ | ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে প্রতিদিন সকল FPI, FWA, স্বেচ্ছাসেবীগণ কমপক্ষে ৫ জন ক্লায়েন্টকে অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ করবেন। জন্মবিবর্তীকরণ প্যাকেট সুদৃশ্য মোড়কে প্রস্তুত করতে হবে। সকল কার্যক্রমের ছবি ধারণ/সংরক্ষণ করতে হবে।
- ১০৯ | স্বাস্থ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ প্রত্যেক সেবা সপ্তাহ চলাকালীন সময়ে কমপক্ষে ০১ টি দীর্ঘমেয়াদী এবং ০১ টি স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ করে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ ২০১৯ সাফল্যমণ্ডিত করবেন।
- ১০ | ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে যে কোন একদিন সুনামগঞ্জ সদর উপজেলাধীন সকল CC তে পরিবার পরিকল্পনা সহকারীগণ CHCP দের সাথে সমন্বয় করে বিশেষ সেবাদান কর্মসূচী গ্রহণ করবেন।
- ১১ | ০৭-১২ ডিসেম্বর/১৯ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধি FPI গণ সেবা ও প্রচার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উদ্ভুদ্ধ করণ কর্মসূচী গ্রহণ করবেন।
- ১২ | সংশ্লিষ্ট ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ পরিদর্শকগণকে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অনুষ্ঠিত বিশেষ ক্যাম্পে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানাতে হবে।
- ১৩ | সেবা সপ্তাহে প্রতিদিন পৌর এলাকায় অবস্থিত প্রাইভেট ক্লিনিকগুলোতে পিপিএফপি সেবা নিশ্চিতকরণের জন্য বেগম সুসমা দাশ, প. ক. পরিদর্শিকা, জনাব নরেন ভট্টাচার্য, প. প. পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী বেগম শুক্লা রানী তালুকদার, রেশফা আক্তার এবং শিল্পী রায়কে সমন্বিতভাবে দায়িত্ব পালনের জন্য বলা হলো।
- ১৪ | প্রত্যেক ইউনিয়নে কমপক্ষে ০১ টি উচ্চ বিদ্যালয়ে কিশোরী সমাবেশ করতে হবে।
- ১৫ | শূণ্য ইউনিট এবং বিভিন্ন পকেট এলাকাগুলোতে সেবা প্রদান ও প্রচার নিশ্চিত করতে হবে।
- ১৬ | বিভিন্ন শ্রমজীবী মানুষের কাছে এবং প্রত্যন্ত অঞ্চলে পরিবার পরিকল্পনা সেবা ও তথ্য প্রচারের ক্ষেত্রে অধিক গুরুত্ব দিতে হবে।
- ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের মনিটরিং ও তথ্যসেলে দৈনিক রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে।
- ১৮ | পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের সেবা প্রদানকারীগণ বিশেষ ইনোভেটিভ কর্মসূচী গ্রহণের উদ্যোগ নিবেন।

(ডা: সৌমিত্র চক্রবর্তী)

উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

sunamganjsadar@uhfpo.dghs.gov.bd

(বিশ্বাজিৎ রুং চক্রবর্তী)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ufposunamganjsadar@dghs.gov.bd